रेलवे भर्ती बोर्ड | RAILWAY RECRUITMENT BOARD

सीईएन ०१/२०२६ सहायक लोको पायलट (एएलपी) के पद पर भर्ती

CEN 01/2026 Recruitment of Assistant Loco Pilot (ALP)

Test Date	03/11/2026
Test Time	4:00 PM - 5:00 PM
Subject	RRB ALP 2026 CBT 1

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB ALP**

Q.1 **A, B, E, F, G, H এবং I এর প্রত্যেকেরই একটি সপ্তাহের ভিন্ন দিনে পরীক্ষা হয় যা সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার শেষ হয়। F এবং H এর মাঝে শুধুমাত্র তিনজনের পরীক্ষা হয়। H এবং E এর মাঝে শুধুমাত্র একজন ব্যক্তির পরীক্ষা হয়। A এর পরীক্ষা হয় বুধবার। G এর পরীক্ষা হয় B এর পরের কোনো এক দিনে কিন্তু I এর আগের কোনো এক দিনে। F এর পরীক্ষা হয় সোমবার। G এবং E এর মাঝে কতজন ব্যক্তির পরীক্ষা হয়?**

Ans
- ✗ A. চারজন
- ✗ B. তিনজন
- ✓ C. দুজন
- ✗ D. একজন

Q.2 **প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। (সকল সংখ্যাই কেবল এক-অঙ্ক বিশিষ্ট সংখ্যা)। শুধুমাত্র বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।**
(বামদিক) 1 3 4 6 7 3 9 7 8 5 8 3 2 4 6 6 7 3 5 9 6 7 1 3 4 8 3 (ডানদিক)
উপরের ক্রমে এরকম কতগুলি জোড় অঙ্ক আছে, যাদের প্রত্যেকটির ঠিক আগে একটি পূর্ণবর্গ সংখ্যা এবং ঠিক পরে একটি বিজোড় অঙ্ক আছে? (দ্রষ্টব্য: 1 ও একটি পূর্ণবর্গ সংখ্যা।)

Ans
- ✗ A. একটিও নয়
- ✓ B. দু'টির বেশি
- ✗ C. একটি
- ✗ D. দু'টি

Q.3 **বিশুদ্ধ জলের সঙ্গে হাইড্রোক্লোরিক অ্যাসিড যোগ করা হলে, এর pH এর কী পরিবর্তন হয়?**

Ans
- ✓ A. দ্রবণটির pH হ্রাস পায়
- ✗ B. দ্রবণটির pH বৃদ্ধি পায়
- ✗ C. দ্রবণটির pH প্রশমিত হয়ে যায়
- ✗ D. দ্রবণটির pH অপরিবর্তিত থাকে

Q.4 **প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?**
CLX 13 GOS 9 KRN 5 ? SXD -3

Ans
- ✗ A. OUJ 1
- ✗ B. OVI 2
- ✓ C. OUI 1
- ✗ D. NWI 2

Q.5 নিচের উদাহরণগুলির সাথে তাদের নিজস্ব উদ্ভিদ গোষ্ঠীটি মেলান।

জীব	গোষ্ঠী
1. মার্কেনসিয়া	A. সমাঙ্গদেহী
2. ফার্ন	B. ব্রায়োফাইটা
3. স্পাইরোগাইরা	C. টেরিডোফিয়া

Ans

✗ A. 1-A, 2-B, 3-C

✓ B. 1-B, 2-C, 3-A

✗ C. 1-B, 2-A, 3-C

✗ D. 1-C, 2-B, 3-A

Q.6 প্রদত্ত দু'টি সংখ্যা-সেটের প্রতিটির প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
25 - 31 - 19 - 95
41 - 47 - 35 - 175

Ans

✗ A. 40 - 45 - 33 - 165

✗ B. 39 - 46 - 34 - 204

✗ C. 12 - 18 - 4 - 24

✓ D. 17 - 23 - 11 - 55

Q.7 AB ও CD রেখাদ্বয় পরস্পর সমান্তরাল। PQ ছেদকটি AB ও CD রেখাদ্বয়কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করে এবং ∠PEB = 69° হয়। G হল AB ও CD এর মধ্যবর্তী এমন একটি বিন্দু, যাতে ∠BEG = 33° এবং ∠GFE = 17° হয়। তাহলে, ∠EGF এর পরিমাপ কত?

Ans

✗ A. 71°

✗ B. 86°

✓ C. 85°

✗ D. 93°

Q.8 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে OQTU একটি নির্দিষ্ট পদ্ধতিতে SUXY এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে EGJK সম্পর্কিত IKNO এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে FHKL নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans

✓ A. JLOP

✗ B. JKNP

✗ C. JLNP

✗ D. JMNQ

Q.9 একটি কল 6 ঘন্টায় একটি ট্যাঙ্ককে ভর্তি করে। আরেকটি কল, ভর্তি ট্যাঙ্কটিকে 7 ঘন্টায় খালি করে। ট্যাঙ্কটি শুরুতে খালি ছিল এবং উভয় কল একসাথে চালু করা হয়। ট্যাঙ্কটির অর্ধেক অংশ ভর্তি হতে কত ঘন্টা লাগবে?

Ans

✗ A. 42

✗ B. 28

✗ C. 14

✓ D. 21

Q.10 একজন শিক্ষার্থীর প্রতিটি 80 নম্বরের 2টি পরীক্ষা এবং প্রতিটি 60 নম্বরের 3টি অ্যাসাইনমেন্ট রয়েছে। এই নম্বরগুলির ভারযুক্ত গাণিতিক গড় (weighted arithmetic mean) কত?

Ans

✗ A. 70

✗ B. 72

✗ C. 64

✓ D. 68

Blackbook

Q.11 প্রশ্নটি নিচে প্রদত্ত শব্দগুলির ভিত্তিতে তৈরি।
MAT COP RUG DEN
প্রতিটি শব্দের, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে এটির ঠিক পরবর্তী বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে এটির ঠিক পূর্ববর্তী বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হয়। এইভাবে গঠিত কতগুলি বর্ণগুচ্ছে একটিও স্বরবর্ণ (vowel) থাকবে না?

Ans
✗ A. 2
✗ B. 4
✓ C. 3
✗ D. 1

Q.12 UNLEASH শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
✗ A. দুই
✗ B. তিন
✓ C. এক
✗ D. শূন্য

Q.13 কোন অবস্থায় সালোকসংশ্লেষণ সর্বাধিক হবে?

Ans
✗ A. উচ্চ অক্সিজেন, নিম্ন আলোর তীব্রতা, উচ্চ তাপমাত্রা
✗ B. নিম্ন CO_2, উচ্চ আলোর তীব্রতা, অনুকূল তাপমাত্রা
✓ C. উচ্চ আলোর তীব্রতা, পর্যাপ্ত CO_2, অনুকূল তাপমাত্রা
✗ D. নিম্ন আলোর তীব্রতা, উচ্চ CO_2, নিম্ন তাপমাত্রা

Q.14 ₹4,450 মূলধনকে বার্ষিক 20% চক্রবৃদ্ধি সুদের (ষাণ্মাসিক দেয়) হারে 1 বছরের জন্য বিনিয়োগ করা হলে, অর্জিত সুদের পরিমাণ নির্ণয় করুন।

Ans
✗ A. ₹967.25
✗ B. ₹985.25
✓ C. ₹934.50
✗ D. ₹914.50

Q.15 KURBASHING শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
✗ A. এক
✗ B. দুই
✗ C. তিন
✓ D. শূন্য

Q.16 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) G J M P H F L U X I B E C O Q J N Y S Z W R T D (ডানদিক)
এরকম কতগুলি ব্যঞ্জনবর্ণ (consonant) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি স্বরবর্ণ (vowel) আছে এবং ঠিক পরেও একটি স্বরবর্ণ (vowel) আছে?

Ans
✗ A. এক
✓ B. তিন
✗ C. চার
✗ D. দুই

Q.17 1976 সালের 42তম সাংবিধানিক সংশোধনীর মাধ্যমে ভারতের প্রস্তাবনায় নিম্নলিখিত কোন শব্দটি যুক্ত করা হয়েছিল?

Ans
✗ A. ন্যায়বিচার
✓ B. সংহতি
✗ C. মর্যাদা
✗ D. ভ্রাতৃভাব

Black Book

Q.18 সাতজন বন্ধু, E, F, G, H, W, X এবং Y, উত্তরদিকে মুখ করে একটি সরলরৈখিক সারিতে বসে আছে। F এর বামদিকে কেবল একজন বসেছে। E এবং F এর মাঝে কেবল দু'জন বসেছে। G এবং W এর মাঝে কেবল দু'জন বসেছে। W বসেছে E এর ঠিক বাম পাশে। X বসেছে H এর ঠিক ডান পাশে। সারিটির বাম প্রান্ত থেকে তৃতীয় স্থানে কে বসেছে?

Ans
- ✔ A. Y
- ✘ B. E
- ✘ C. W
- ✘ D. X

Q.19 যদি দু'টি সংখ্যার মধ্য সমানুপাতিক 24 এবং একটি সংখ্যা 6 হয়, তাহলে অপর সংখ্যাটি কত?

Ans
- ✘ A. 144
- ✔ B. 96
- ✘ C. 12
- ✘ D. 48

Q.20 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 3 @ 8 # 1 % 6 & 9 $ 2 + 5 7

সংকেত KT AMHP BF WRDULQ

শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি সংখ্যা এবং শেষ উপাদানটি একটি চিহ্ন হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি তৃতীয় উপাদানটি একটি জোড় সংখ্যা হয়, তবে প্রথম উপাদানটিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি তৃতীয় উপাদানটি একটি চিহ্ন হয়, তাহলে শেষ উপাদানটিকে প্রথম উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
958+1

Ans
- ✔ A. ©LAUH
- ✘ B. ©LAUW
- ✘ C. WLAUH
- ✘ D. ©LWUH

Q.21 **6 cm ভূমির ব্যাসার্ধ এবং 8 cm উচ্চতাবিশিষ্ট একটি নিরেট লম্ব বৃত্তাকার শঙ্কুকে সম্পূর্ণরূপে গলিয়ে 2 cm ব্যাসার্ধবিশিষ্ট সর্বাধিক সংখ্যক কতগুলি ছোট নিরেট গোলক তৈরি করা সম্ভব? (ব্যবহার করুন π = 22/7)**

Ans
- ✔ A. 9
- ✘ B. 12
- ✘ C. 8
- ✘ D. 10

Q.22 প্রদত্ত ক্রমে, প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
69 60 49 36 21 ?

Ans
- ✔ A. 4
- ✘ B. 5
- ✘ C. 3
- ✘ D. 7

Q.23 নিখিল A বিন্দু থেকে যাত্রা শুরু করে দক্ষিণ দিকে 10 km গাড়ি চালায়। এরপর সে বাম দিকে বাঁক নিয়ে 14 km, আবার বাম দিকে বাঁক নিয়ে 13 km গাড়ি চালায়। তারপর সে আবার বাম দিকে বাঁক নিয়ে 17 km গাড়ি চালায়। সবশেষে সে বাম দিকে বাঁক নিয়ে 3 km গাড়ি চালিয়ে P বিন্দুতে থামে। পুনরায় A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✗ A. 7 km পশ্চিমে
- ✓ B. 3 km পূর্বে
- ✗ C. 6 km পশ্চিমে
- ✗ D. 6 km পূর্বে

Q.24 B, O, U, G, H, T এবং S এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। শুক্রবার T পরীক্ষা দেয়। শুধুমাত্র দুজন U এবং T এর মাঝে পরীক্ষা দেয়। শুধুমাত্র চারজন H এবং U এর মাঝে পরীক্ষা দেয়। G পরীক্ষা দেয় B এর ঠিক পরের দিন। সোমবার S পরীক্ষা দেয়নি। কতজন ব্যক্তি O এবং S এর মাঝে পরীক্ষা দেয়?

Ans
- ✗ A. এক
- ✗ B. তিন
- ✗ C. দুই
- ✓ D. চার

Q.25 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।

A, W, V, G এবং E এই 5টি বাঁশের মধ্যে, প্রতিটি ভিন্ন উচ্চতা বিশিষ্ট। কোন বাঁশটি সবচেয়ে খাটো?
(I) G শুধুমাত্র তিনটি বাঁশের থেকে খাটো। A হয় W এর থেকে লম্বা।
(II) G হয় E এর থেকে লম্বা।

Ans
- ✗ A. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
- ✓ B. বিবৃতি I এবং বিবৃতি II যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
- ✗ C. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
- ✗ D. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

Q.26 একজন দোকানদার জুলাই মাসে ₹100 তে, আগস্ট মাসে ₹80 তে এবং সেপ্টেম্বর মাসে ₹120 তে চিনি বিক্রি করেন। যদি বিক্রি করা চিনির পরিমাণ যথাক্রমে 10 kg, 16 kg ও 14 kg হয়, তবে এই মাসগুলোতে প্রতি কেজির গড় বিক্রয়মূল্য কত?

Ans
- ✗ A. ₹95
- ✗ B. ₹98
- ✓ C. ₹99
- ✗ D. ₹105

Q.27 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে GIMLETS শব্দের প্রতিটি স্বরবর্ণকে (vowel) তার ঠিক পরবর্তী বর্ণে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) তার ঠিক পূর্ববর্তী বর্ণে পরিবর্তিত করা হল। এইভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কতগুলি বর্ণ ঠিক দু'বার উপস্থিত থাকবে?

Ans
- ✗ A. 0
- ✗ B. 3
- ✓ C. 1
- ✗ D. 2

Q.28 P, Q এবং R এই তিনজন অংশীদার একটি ব্যবসায় যথাক্রমে ₹4,40,000, ₹1,50,000 এবং ₹2,00,000 মূলধন বিনিয়োগ করে। লাভ ভাগ করার আগে তারা তাদের মূলধনের উপর বার্ষিক 5% হারে সুদ পায়। মূলধনের সুদ প্রদানের পর অবশিষ্ট লাভ তাদের মধ্যে মূলধনের অনুপাতে ভাগ করে দেওয়া হয়। বছর শেষে তাদের মোট লাভ ₹1,11,232 হলে, লাভ থেকে R এর প্রাপ্ত অর্থ নির্ণয় করুন।

Ans
- ✓ A. ₹28,160
- ✗ B. ₹18,160
- ✗ C. ₹47,452
- ✗ D. ₹35,620

black book

Q.29 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, BWDK একটি নির্দিষ্ট পদ্ধতিতে FAHO এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে MLGI সম্পর্কিত QPKM এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে NKHO নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
- ✗ A. SPMT
- ✗ B. ROLT
- ✗ C. OMKS
- ✓ D. ROLS

Q.30 একটি চুম্বকের চারপাশের কোনো বিন্দুতে দু'টি চৌম্বক ক্ষেত্ররেখা পরস্পরকে ছেদ করতে পারে না কেন?

Ans
- ✗ A. কারণ, এটি একটি নতুন চৌম্বক মেরু তৈরি করে
- ✗ B. কারণ, এর অর্থ ক্ষেত্ররেখাগুলো হল উন্মুক্ত বক্ররেখা
- ✗ C. কারণ, এটি চৌম্বক ক্ষেত্রকে দুর্বল করে দেয়
- ✓ D. কারণ, সেক্ষেত্রে একটি কম্পাসের কাঁটাকে একই সময়ে দু'টি অভিমুখ নির্দেশ করতে হবে

Q.31 প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যুক্তিযুক্তভাবে সম্পূর্ণ হবে?
RNI26 QMH37 PLG48 OKF59 ?

Ans
- ✓ A. NJE70
- ✗ B. NJF70
- ✗ C. NJE71
- ✗ D. NJF71

Q.32 ছয়জন ব্যক্তি H, I, J, K, U এবং V একটি বিল্ডিংয়ের ছ'টি ভিন্ন ফ্লোরে বাস করে। বিল্ডিংয়ের সবচেয়ে নিচের ফ্লোরটিকে 1 নম্বর, তার ঠিক উপরের ফ্লোরটিকে 2 নম্বর এবং এই ক্রমে সর্বোচ্চ ফ্লোরটিকে 6 নম্বর দ্বারা চিহ্নিত করা হয়। কেবল U বাস করে। এর নিচে। কেবল তিনজন ব্যক্তি বাস করে K এবং I এর মাঝে। V একটি জোড় সংখ্যাযুক্ত ফ্লোরে বাস করে। J একটি বিজোড় সংখ্যাযুক্ত ফ্লোরে বাস করে কিন্তু সেটি 5 নম্বর ফ্লোর নয়। H এর নিচে কতজন ব্যক্তি বাস করে?

Ans
- ✗ A. দুই
- ✗ B. এক
- ✗ C. তিন
- ✓ D. চার

Q.33 একটি গাড়ি 5 ঘন্টায় 840 km দূরত্ব অতিক্রম করে। একটি ট্রেনের গতিবেগ হল এই গাড়িটির গতিবেগের দ্বিগুণ। ওই ট্রেনের গতিবেগের এক-তৃতীয়াংশ হল একটি বাইকের গতিবেগের সমান। বাইকটি 3 ঘন্টায় কত দূরত্ব অতিক্রম করবে?

Ans
- ✗ A. 329 km
- ✗ B. 331 km
- ✗ C. 339 km
- ✓ D. 336 km

Q.34 একজন শিক্ষার্থীর কাছে ম্যাগনেসিয়াম, কপার, অ্যালুমিনিয়াম এবং জিঙ্কের চারটি স্ট্রিপ আছে। যদি প্রত্যেকটিকে আয়রন সালফেটের দ্রবণে রাখা হয়, তাহলে সক্রিয়তা শ্রেণি অনুসারে কোন ধাতুটি কোনো বিক্রিয়ায় অংশগ্রহণ করবে না?

Ans
- ✗ A. জিঙ্ক
- ✓ B. কপার
- ✗ C. ম্যাগনেসিয়াম
- ✗ D. অ্যালুমিনিয়াম

Q.35 যশরাজের বয়স তার ছেলের বয়সের তিনগুণ এবং তার মেয়ে, তার ছেলের চেয়ে 3 বছরের ছোট। যদি 3 বছর আগে এই তিনজনের বয়সের সমষ্টি 93 বছর হয়ে থাকে, তাহলে যশরাজের বর্তমান বয়স (বছরে) কত?

Ans
- ✗ A. 85
- ✗ B. 73
- ✓ C. 63
- ✗ D. 79

Q.36 যদি $7 \sin y + \cos y = \sqrt{4} \sin y$ হয়, তাহলে $\tan y$ এর মান কত?

Ans
- ✗ A. $-\frac{1}{4}$
- ✗ B. $-\frac{1}{13}$
- ✓ C. $-\frac{1}{5}$
- ✗ D. $-\frac{1}{1}$

Q.37 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '−' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
39 B 4 A 3 C 27 D 41 = ?

Ans
- ✓ A. 38
- ✗ B. 36
- ✗ C. 39
- ✗ D. 40

Q.38 16 cm ব্যাস এবং 21 cm উচ্চতা বিশিষ্ট একটি চোঙের আয়তন কত?
$\pi = \frac{22}{7}$

Ans
- ✓ A. 4224 cm^3
- ✗ B. 4182 cm^3
- ✗ C. 4189 cm^3
- ✗ D. 4311 cm^3

Q.39 30 একটি নির্দিষ্ট যুক্তি অনুসরণ করে 298 এর সাথে সম্পর্কিত। একই যুক্তি অনুসরণ করে 7 সম্পর্কিত 68 এর সাথে। একই যুক্তি অনুসরণ করে 14 নিম্নলিখিত কোনটির সাথে সম্পর্কিত? (দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✗ A. 140
- ✗ B. 139
- ✓ C. 138
- ✗ D. 136

Q.40 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়? [দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans

✗ A. NID

✓ B. JEA

✗ C. KFA

✗ D. UPK

Q.41 অবতল দর্পণ দ্বারা প্রতিবিম্ব গঠনে প্রধান অক্ষের ভূমিকা কী?

Ans

✗ A. এটি ফোকাস এবং মেরুর মধ্য দিয়ে যায় কিন্তু বক্রতা কেন্দ্রের মধ্য দিয়ে যায় না

✗ B. এটি হল বক্রতা কেন্দ্রে দর্পণটির স্পর্শক (tangent)

✗ C. এটি শুধুমাত্র মেরুতে দর্পণের পৃষ্ঠতলের সঙ্গে লম্বভাবে অবস্থিত একটি রেখা

✓ D. এটি বক্রতা কেন্দ্র এবং মেরুর মধ্য দিয়ে যাওয়া একটি নির্দেশক রেখা (reference line) হিসাবে কাজ করে

Q.42 একটি চেয়ারের মুদ্রিতমূল্য ₹2000 হয়। যদি 15% এবং 10% এর দু'টি ক্রমিক ছাড় দেওয়া হয়, তাহলে গ্রাহকের পরিশোধকৃত চূড়ান্ত মূল্য কত?

Ans

✗ A. ₹1550

✗ B. ₹1500

✓ C. ₹1530

✗ D. ₹1600

Q.43 স্ট্যান এবং বেনেডিক্টের বয়সের সমষ্টি হল 98 বছর। আজ থেকে চার বছর আগে, বেনেডিক্টের বয়স স্ট্যানের তখনকার বয়সের অর্ধেক ছিল। স্ট্যানের বর্তমান বয়স (বছরে) কত?

Ans

✗ A. 62

✗ B. 68

✓ C. 64

✗ D. 63

Q.44 সাতজন ব্যক্তি A, B, C, I, J, K এবং L উত্তরদিকে মুখ করে একটি সারিতে বসে আছে। কেউ বসে নেই C এর ডানদিকে। কেবল তিনজন ব্যক্তি বসে আছে C এবং I এর মাঝে। কেবল দু'জন ব্যক্তি বসে আছে I এবং B এর মাঝে। J বসে আছে K এর বামদিকে তৃতীয় স্থানে। L বসে আছে K এর ঠিক ডানদিকে।
কতজন ব্যক্তি A এবং B এর মাঝে বসে আছে?

Ans

✗ A. চার

✗ B. দুই

✓ C. তিন

✗ D. এক

Q.45 সরল করুন।

$$75-\{18\div3\times(4+2)-5\times3\}+28\div7$$

Ans

✗ A. 52

✗ B. 54

✓ C. 58

✗ D. 56

Q.46 371 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 421 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 428 সম্পর্কিত 478 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 116 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans

✗ A. 186

✗ B. 126

✗ C. 146

✓ D. 166

Q.47 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '−' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
16 B 3 D 38 A 19 C 18 = ?

Ans

✗ A. 62

✓ B. 64

✗ C. 66

✗ D. 68

Q.48 বসন্তকালে মূল থেকে মুকুলে শর্করা পরিবহনের কারণ কী?

Ans

✓ A. সুপ্তাবস্থা শেষে বৃদ্ধির জন্য মুকুলের শক্তি প্রয়োজন হয়

✗ B. জল শোষণের জন্য মূলের শর্করা প্রয়োজন হয়

✗ C. কাণ্ড অতিরিক্ত খনিজ পদার্থ সঞ্চয় করে

✗ D. সালোকসংশ্লেষের জন্য পাতার খনিজ পদার্থের প্রয়োজন হয়

Q.49 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) A H D E Z C K W L R N G D O E Y U L B J E A R Z N U H S O (ডানদিক)
এমন কতগুলি স্বরবর্ণ (vowel) আছে, যার প্রতিটির ঠিক আগে একটি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে এবং ঠিক পরেও একটি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে?

Ans

✗ A. একটি

✗ B. দুটি

✗ C. চারটি

✓ D. তিনটি

Q.50 প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
(বামদিক) 592 847 316 925 684 (ডানদিক)
(উদাহরণ: 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
বৃহত্তম সংখ্যাটির তৃতীয় অঙ্কের সাথে ক্ষুদ্রতম সংখ্যাটির দ্বিতীয় অঙ্ক যোগ করলে ফলাফল কী হবে?

Ans

✗ A. 4

✓ B. 6

✗ C. 12

✗ D. 11

Q.51 বায়ুতে একটি শব্দ তরঙ্গের কম্পাঙ্ক f এবং তরঙ্গদৈর্ঘ্য λ হয়। উৎস অপরিবর্তিত রেখে অন্য একটি মাধ্যমে এর তরঙ্গদৈর্ঘ্য 2λ হলে, শব্দের দ্রুতির কী পরিবর্তন হয়?

Ans

✗ A. দ্রুতি চারগুণ হয়ে যায়

✗ B. দ্রুতি অর্ধেক হয়ে যায়

✗ C. দ্রুতি সমান থাকে

✓ D. দ্রুতি দ্বিগুণ হয়ে যায়

black book

Q.52 একজন ব্যবসায়ী ₹200 তে একটি পণ্য কিনে একজন খুচরা বিক্রেতার কাছে ₹220 তে বিক্রি করেন, তারপরে খুচরা বিক্রেতা পণ্যটি একজন গ্রাহকের কাছে ₹242 তে বিক্রি করেন। প্রকৃত ক্রয়মূল্য থেকে চূড়ান্ত বিক্রয়মূল্য পর্যন্ত মোট কত শতাংশ লাভ হয়েছে?

Ans
- ✗ A. 20%
- ✗ B. 10%
- ✓ C. 21%
- ✗ D. 22%

Q.53 একজন ব্যক্তি বার্ষিক 10% সরল সুদের হারে 2 বছরের জন্য ₹56,500 মূলধন বিনিয়োগ করলে, 2 বছর পর তিনি কত সবৃদ্ধিমূল (₹ তে) পাবেন তা নির্ণয় করুন।

Ans
- ✗ A. 64,080
- ✗ B. 64,800
- ✗ C. 67,080
- ✓ D. 67,800

Q.54 যদি 7-অঙ্কবিশিষ্ট 54A177B সংখ্যাটি 12 দ্বারা বিভাজ্য হয়, তাহলে (A + B) এর সর্বনিম্ন মান কত?

Ans
- ✗ A. 4
- ✗ B. 7
- ✗ C. 6
- ✓ D. 3

Q.55 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) ও (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
W, O, K, G এবং Y এই 5টি লাঠির মধ্যে, প্রতিটি ভিন্ন উচ্চতা বিশিষ্ট। কোন লাঠিটি সবচেয়ে খাটো?
(I) K শুধুমাত্র দু'টি লাঠির চেয়ে লম্বা। W হল K এর থেকে খাটো এবং O হল W এর থেকে খাটো।
(II) G হল Y এর থেকে লম্বা।

Ans
- ✗ A. বিবৃতি I এবং বিবৃতি II যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
- ✓ B. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
- ✗ C. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
- ✗ D. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

Q.56 A, B, C, D এবং E প্রত্যেকে আলাদা আলাদা নম্বর পেয়েছে। C এর প্রাপ্ত নম্বর ঠিক তিনজন ব্যক্তির চেয়ে বেশি। A এর প্রাপ্ত নম্বর D এর চেয়ে কম এবং D এর প্রাপ্ত নম্বর E এর চেয়ে কম। কেবল একজন ব্যক্তির প্রাপ্ত নম্বর B এর চেয়ে কম। কে সর্বোচ্চ নম্বর পেয়েছে?

Ans
- ✓ A. E
- ✗ B. C
- ✗ C. A
- ✗ D. B

Q.57 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, MKIM একটি নির্দিষ্ট পদ্ধতিতে QOMQ এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে JHFJ সম্পর্কিত NLJN এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে DBZD নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
- ✗ A. HGCJ
- ✓ B. HFDH
- ✗ C. HFCH
- ✗ D. HECH

Q.58 PQRS হল একটি ট্রাপিজিয়াম যার PQ ও SR বাহু দু'টি সমান্তরাল। Q বিন্দু থেকে অঙ্কিত লম্ব SR বাহুটিকে T বিন্দুতে ছেদ করে। যে বাহুগুলি সমান্তরাল নয় তাদের দৈর্ঘ্য PS = QR = 24 cm এবং ∠QRT = 45° হলে, SR থেকে PQ এর দূরত্ব নির্ণয় করুন।

Ans
- ✔ A. $12\sqrt{2}$ cm
- ✘ B. $25\sqrt{2}$ cm
- ✘ C. $24\sqrt{3}$ cm
- ✘ D. 6 cm

Q.59 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 5 @ 2 9 $ # 8 % 1 & 4 7 3 6

সংকেত L F B A R D U Q H E T P K M

শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন হয়, তাহলে দ্বিতীয় উপাদানটিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(ii) যদি তৃতীয় উপাদানটি একটি চিহ্ন হয়, তাহলে পঞ্চম উপাদানটিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
84291

Ans
- ✔ A. UT©AH
- ✘ B. UTBA©
- ✘ C. U©BAH
- ✘ D. UTBAH

Q.60 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 7 & 8 $ # @ * 4 ? %

সংকেত I H A K M J S W Y F

শর্তাবলি–
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদান দুটি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে উভয় উপাদানগুলিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
7 & 8 $ #

Ans
- ✘ A. IHYKM
- ✘ B. IHAKW
- ✘ C. IFAKM
- ✔ D. IHAKM

Q.61 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✘ A. DB–XV
- ✔ B. IG–BC
- ✘ C. XV–RP
- ✘ D. RP–LJ

black book

Q.62 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'LASH' কে লেখা হয় '62' হিসাবে এবং 'MOVI' কে লেখা হয় '43' হিসাবে।
ওই সাংকেতিক ভাষায় 'XRGC' কে কীভাবে লেখা হয়?

Ans
✗ A. 57
✗ B. 51
✗ C. 52
✓ D. 50

Q.63 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
34, 45, 67, 100, 144, ?

Ans
✓ A. 199
✗ B. 197
✗ C. 198
✗ D. 196

Q.64 একটি ব্যাগের দাম জানুয়ারিতে 15% বৃদ্ধি পেয়েছে এবং ফেব্রুয়ারিতে 5% বৃদ্ধি পেয়েছে। প্রকৃত দাম যদি ₹800 হয়ে থাকে, তাহলে উভয় বৃদ্ধির পর ব্যাগটির দাম কত হবে?

Ans
✓ A. ₹966
✗ B. ₹960
✗ C. ₹900
✗ D. ₹1000

Q.65 এক অভিভাবক বার্ষিক 10% হারে শিশুদের ভবিষ্যৎ তহবিলে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগ করেন এবং 2 বছর পর, চক্রবৃদ্ধি সুদের হারে (বার্ষিক দেয়) প্রাপ্ত অর্থরাশি, সরল সুদের হারে প্রাপ্ত অর্থরাশির তুলনায় ₹50 বেশি হয়। মূল বিনিয়োগের পরিমাণ (₹ এ) নির্ণয় করুন।

Ans
✗ A. 12,500
✓ B. 5,000
✗ C. 10,000
✗ D. 2,500

Q.66 $2\ \text{cosec}^2 31° \cot^2 59° - \sin^2 31° - \sin^2 59° - \cot^2 59°$ এর মান হল _____ এর সমান।

Ans
✗ A. $\sec^2 59°$
✗ B. $\tan^2 59°$
✓ C. $\sec^2 31°$
✗ D. $\cot^2 31°$

Q.67 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
5 49 88 122 151 175 ?

Ans
✓ A. 194
✗ B. 186
✗ C. 182
✗ D. 176

Q.68 যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
105 − 117 × 9 + 14 ÷ 4 = ?

Ans
✗ A. 64
✓ B. 62
✗ C. 65
✗ D. 68

blackbook

Q.69 প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
(বামদিক) 147 158 126 139 197 (ডানদিক)
(উদাহরণ- 697 – প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
বৃহত্তম সংখ্যার তৃতীয় অঙ্ক এবং ক্ষুদ্রতম সংখ্যার দ্বিতীয় অঙ্ক যোগ করলে যোগফল কত হবে?

Ans
- ✗ A. 8
- ✗ B. 5
- ✗ C. 6
- ✓ D. 9

Q.70 একজন দোকানদার ₹720 প্রতি ডজন দরে 57 ডজন পণ্য ক্রয় করেন। তিনি প্রতিটি পণ্য ₹81 দরে বিক্রি করলে, তার লাভের হার শতকরা কত?

Ans
- ✓ A. 35%
- ✗ B. 33%
- ✗ C. 37%
- ✗ D. 34%

Q.71 বাসুদেব বিন্দু A থেকে শুরু করে পূর্ব দিকে 47 km ড্রাইভ করেন। তারপর তিনি বাম দিকে বাঁক নেন, 41 km ড্রাইভ করেন, তারপর বাম দিকে বাঁক নেন এবং 64 km ড্রাইভ করেন। তারপরে তিনি বাম দিকে বাঁক নেন এবং 65 km ড্রাইভ করেন। তিনি শেষবার বাম দিকে বাঁক নেন, 17 km ড্রাইভ করেন এবং বিন্দু P তে থামেন। আবার বিন্দু A তে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে ড্রাইভ করতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✓ A. 24 km উত্তর দিকে
- ✗ B. 27 km দক্ষিণ দিকে
- ✗ C. 26 km দক্ষিণ দিকে
- ✗ D. 25 km উত্তর দিকে

Q.72 যদি + এর অর্থ - হয়, - এর অর্থ × হয়, × এর অর্থ ÷ হয় এবং ÷ এর অর্থ + হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
31 - 15 ÷ 22 + 153 × 9 = ?

Ans
- ✗ A. 420
- ✓ B. 470
- ✗ C. 490
- ✗ D. 450

Q.73 একটি গাড়ির রেডিয়েটরে 62% অ্যান্টিফ্রিজ দ্রবণ থাকা প্রয়োজন। একজন গাড়িচালকের কাছে 6 লিটার পরিমাণ 21% অ্যান্টিফ্রিজ রয়েছে। তার কাছে থাকা দ্রবণটিকে 62% অ্যান্টিফ্রিজ দ্রবণে পরিণত করতে তাকে ওই দ্রবণে কত লিটার পরিমাণ 71% অ্যান্টিফ্রিজ তরল যোগ করতে হবে? (2 দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে)

Ans
- ✗ A. 23.51
- ✗ B. 30.46
- ✓ C. 27.33
- ✗ D. 29.31

Q.74 নিচের কোন সংখ্যাটি 35 এবং 9 উভয় দ্বারাই বিভাজ্য?

Ans
- ✗ A. 31578
- ✗ B. 30440
- ✓ C. 30870
- ✗ D. 32150

Black book

Q.75 **2026 সালের পদ্ম পুরস্কার অনুষ্ঠানে কোন বিখ্যাত ভারতীয় নেপথ্য কণ্ঠশিল্পীকে পদ্মভূষণ সম্মানে ভূষিত করা হয়েছিল?**

Ans

✗ A. কবিতা কৃষ্ণমূর্তি

✗ B. শ্রেয়া ঘোষাল

✗ C. সুনিধি চৌহান

✓ D. অলকা যাজ্ঞিক

"

Blackbook